

# যে কাজের পুরস্কার দেবে ছাত্রলীগ

টাবি প্রতিবেদক

০৬ ডিসেম্বর ২০২৩, ০৯:১০ পিএম



বাংলাদেশ ছাত্রলীগের লোগো

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নৌকার প্রচারে অংশগ্রহণ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার কর্মজীবন, সংগ্রাম, উন্নয়ন কর্মকাণ্ড, অর্থনৈতিক-কূটনৈতিক কৌশল, বিশ্ব দরবারে বাংলাদেশকে মর্যাদাশীল হিসেবে প্রতিষ্ঠিত করার নেতৃত্ব, দৃঢ়তা প্রভৃতি বিষয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারণায় নিয়োজিত ব্যক্তিদের পুরস্কার দেবে কেন্দ্রীয় ছাত্রলীগ। আনুষ্ঠানিক ঘোষণার মাধ্যমে আজকের দিন থেকে এই প্রক্রিয়া শুরু হয়েছে।

আজ বুধবার কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনানের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এ লক্ষ্যে ১১ সদস্য বিশিষ্ট জুরি বোর্ড গঠন করা হয়েছে বলেও জানানো হয়েছে।

বিভিন্ন ক্যাটাগরিতে মূলত দুই ধরনের পুরস্কার দেওয়া হবে- ১. স্মার্ট ক্যাম্পেইনার অ্যাওয়ার্ড ও ইলেক্টোরাল এক্সসিলেন্স প্রাইজ। এছাড়াও জুরি বোর্ডের মাধ্যমে 'স্মার্ট একটিভিস্ট ইন সোশ্যাল মিডিয়া' নির্বাচিত করা হবে।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, প্রতি সপ্তাহে ৮টি প্রশাসনিক বিভাগ ও বহির্বিশ্ব থেকে সর্বমোট ৯ জনকে এবং প্রতি মাসে দেশ সেরা ১০ জনকে 'স্মার্ট ক্যাম্পেইনার অ্যাওয়ার্ড' পুরস্কার দেওয়া হবে। প্রতি মাসে শীর্ষ ১০ জনকে 'ইলেক্টোরাল এক্সসিলেন্স প্রাইজ' দেওয়া হবে। পুরস্কৃতদের নির্ধারিত কনটেন্ট বাংলাদেশ ছাত্রলীগের সামাজিক যোগাযোগমাধ্যমসমূহ থেকে শেয়ার দেওয়া হবে। বাংলাদেশ ছাত্রলীগের অফিসিয়াল ওয়েবসাইটের ব্লগ সেকশনে পুরস্কৃতদের নির্বাচিত প্রবন্ধ বা আর্টিকেল প্রকাশিত হবে। পুরস্কৃতদের সার্টিফিকেট, বই ও আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে। পুরস্কৃতদের বাংলাদেশ ছাত্রলীগের বিভিন্ন ইউনিটে পদায়নের ক্ষেত্রে মূল্যায়ন করা হবে। বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদের নেতৃবৃন্দের মাধ্যমে জুরি বোর্ড গঠন করে 'স্মার্ট একটিভিস্ট ইন সোশ্যাল মিডিয়া' নির্বাচিত করা হবে।

ছাত্রলীগের এই ক্যাম্পেইনের জন্য জুরি বোর্ডের সদস্যরা হলেন- কেন্দ্রীয় ছাত্রলীগের সহসভাপতি কোহিনূর আক্তার রাখি, সহসভাপতি খন্দকার হাবিব আহসান, যুগ্মসাধারণ সম্পাদক শহীদুল হক শিশির, যুগ্মসাধারণ সম্পাদক ইমরান শেখ, সাংগঠনিক সম্পাদক সালাহ উদ্দিন আহমেদ সাজু, সাংগঠনিক সম্পাদক মো. হারুনার রশিদ হারুন, প্রচার সম্পাদক তরিকুল ইসলাম তারেক, দপ্তর সম্পাদক মেফতাহুল ইসলাম পাশু, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আকিব মো. ফুয়াদ, তথ্য প্রযুক্তি বিষয়ক সম্পাদক হাসিন আজফার পাশু ও সামাজিক যোগাযোগমাধ্যম বিষয়ক সম্পাদক ইমরান হোসেন সাগর।